

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)


স্মারক নং-৩৭.০০.০০০০.৯৫.৯৯.০০৮.২০২২. ২৪০

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : জনাব মনীষ বল, প্রতিষ্ঠাতা সদস্য, গভর্নিং কমিটি, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ এর বিরুদ্ধে কলেজের চারাগাছ কর্তন ও গাছ বিক্রির অর্থ আত্মসাৎ করার অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে না বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মনীষ বল, প্রতিষ্ঠাতা সদস্য, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে কলেজের চারাগাছ কর্তন ও গাছ বিক্রির অর্থ আত্মসাৎ করার অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদন অনুযায়ী কলেজের চারাগাছ কর্তন ও গাছ বিক্রির অর্থ আত্মসাৎ অভিযোগ প্রমাণিত হয়েছে।

বর্ণিতাবস্থায়, জনাব মনীষ বল, প্রতিষ্ঠাতা সদস্য, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে কলেজের চারাগাছ কর্তন ও গাছ বিক্রির অর্থ আত্মসাৎ অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে কেন বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে না তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মনীষ বল, প্রতিষ্ঠাতা সদস্য, গভর্নিং কমিটি  
কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।